শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি
## পোলঘাট,বাগেরহাট

ফোন : ০২৪৭৭৭৫১৬৫৬,‡মাবাইল : ০১৭৬৯-৪০০০১১
E-mail : bagerhatpbs@yahoo.com
Website: www.pbs.bagerhat.gov.bd

স্মারক নং-২৭.১২.০১০৮.৫৩২.০২.০০৮.২৩. ৬৬৫৭

তারিখ: ১৫ আশ্বিন, ১৪৩০ বাঙ্গাব্দ
৩০ সেপ্টেম্বর ,২০২৩ খ্রিঃ

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতিতে **"কাজ নাই মজুরী নাই" ভিত্তিতে নিম্নোক্ত শর্তানুযায়ী** সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে **বিলিং সহকারী** পদে নিয়োগের লক্ষ্যে প্যানেল তৈরীর নিমিত্ত যোগ্যতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী ও বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি-এর ভৌগলিক এলাকার স্থায়ী বাসিন্দা মহিলা নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহবান করা যাচ্ছে। নিম্নে পদ সংক্রান্ত বিষয়ে বিস্তারিত তথ্য উল্লেখ করা হলো।

| ক্রঃ নং | পদের নাম | শূন্য পদের সংখ্যা | বয়স সীমা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | মজুরী | যে জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|---|---|
| ০১ | বিলিং সহকারী ( কাজ নাই মজুরী নাই) মহিলাদের জন্য সংরক্ষিত | ০৯ (নয়) টি (কম/বেশি হতে পারে)। | ৩০-০৯-২০২৩ খ্রিঃ তারিখ বয়স ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। | (ক) **এসএসসি** বা সমমান ও **এইচএসসি** বা সমমান উভয় পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৩.০০ সহ উত্তীর্ণ হতে হবে। (খ) প্রার্থীর কম্পিউটারে ও গাণিতিক বিষয়ে ভাল জ্ঞান থাকতে হবে। (গ) প্রার্থীকে কম্পিউটারে বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম ১০টি ও ইংরেজীতে প্রতি মিনিটে ৩০ টি শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে। কম্পিউটার না জানলে আবেদন করার প্রয়োজন নেই। | দৈনিক ৮০০.০০ ( আট শত টাকা) | বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি-এর ভৌগলিক এলাকায় স্থায়ীভাবে বসবাসকারী (বাগেরহাট জেলার সদর, চিতলমারী, মোল্লাহাট, মোড়েলগঞ্জ, কচুয়া, রামপাল, ফকিরহাট, মোংলা ও শরণখোলা উপজেলা এবং খুলনা জেলার রূপসা উপজেলার ঘাটভোগ, নৈহাটী, টিএস বাহিরদিয়া, শ্রীফলতলা ও আইজগাতী ইউনিয়ন এবং তেরখাদা উপজেলার ছাগলাদহ এবং সাচিয়াদহ ইউনিয়ন)) শুধু মহিলা নাগরিকগণ আবেদন করতে পারবেন। |

**শর্তাবলীঃ**

০১। আবেদনকারীকে বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েবসাইট pbs.bagerhat.gov.bd অথবা বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ওয়েবসাইট (reb.gov.bd) হতে আবেদন ফরম ( ফরম নং-পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড পূর্বক নিজ হাতে পূরণ করে আগামী ১২/১০/২০২৩ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, পোলঘাট, বাগেরহাট বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। উল্লেখ্য যে, সাদা কাগজে লিখিত বা টাইপকৃত কোন আবেদনপত্র এবং নির্ধারিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

০২। শিক্ষাগত যোগ্যতার সকল মূল/সাময়িক সনদ প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। মার্কশীট/প্রশংসা পত্র গ্রহণযোগ্য হবে না। জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি জমা প্রদান করতে হবে। স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা কর্তৃক প্রদত্ত নাগরিক সনদ সংযুক্ত করতে হবে। কম্পিউটারে দক্ষতা প্রমানক সংযুক্ত করতে হবে। প্রার্থী কর্তৃক আবেদনপত্রের সাথে জেনারেল ম্যানেজার, বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি-এর অনুকূলে যে কোন তফসীল ব্যাংক হতে ১০০.০০ (এক শত ) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে এবং ০৩ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি এবং সকল সনদ পত্রের সত্যায়িত কপি (নাম ও পদবীর সীলসহ ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত ) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

০৩। বয়সের প্রমানক হিসেবে এসএসসি সনদ বিবেচিত হবে।

০৪। প্রার্থী কর্তৃক তার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, জন্ম তারিখ,বয়স, স্থায়ী ঠিকানা, নিজ জেলাসহ আবেদনপত্রে প্রদত্ত অন্যান্য যেকোন তথ্য অসম্পূর্ন বা অসত্য বা অসঙ্গতি প্রমানিত হলে তার প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

০৫। এ ধরনের অস্থায়ী ভিত্তিতে নিয়োগ ভবিষ্যতে কোন ক্রমেই স্থায়ী করা হবে না এবং এ বিষয়ে কোন দাবী গ্রহনযোগ্য হবে না। বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি-এর যতদিন প্রয়োজন ততদিন **"কাজ নাই মজুরী নাই"** ভিত্তিতে এ নিয়োগ বলবৎ থাকবে।

০৬। নিয়োগ পরীক্ষা যে তারিখে অনুষ্ঠিত হবে তা আবেদনকারীকে প্রবেশপত্র রেজিস্টার্ড ডাকযোগে জানানো হবে। এছাড়াও পূরনকৃত ফরমের প্রদত্ত মোবাইল ফোন নম্বরে এসএমএস এর মাধ্যমে জানানো হবে।

০৭। লিখিত, মৌখিক ও কম্পিউটারের উপর ব্যবহারিক পরীক্ষার ভিত্তিতে প্রার্থী চূড়ান্ত/ বাছাই করা হবে।

০৮। প্রার্থী চূড়ান্তভাবে নির্বাচিত হলে বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তরসহ যে কোন জোনাল /সাব-জোনাল অফিস-এ চাকুরী করতে বাধ্য থাকবেন।

০৯। আবেদনকারীকে বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি-এর "জেনারেল ম্যানেজার" বরাবর নির্ধারিত ছকে আবেদনপত্র স্ব-হস্তে পূরণ করে চাহিত কাগজপত্রাদিসহ প্রেরণ করতে হবে।

১০। যে কোন ধরণের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১১। কোন কারন দর্শানো ব্যাতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন / বাতিল এবং যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের অধিকার কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

( সুশান্ত রায় )
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)

অনুলিপি: জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ):

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ)/মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, বাগেরহাট।
০৪। পুলিশ সুপার, বাগেরহাট।
০৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা- ------------------------------------------------।
০৬। ডিজিএম, ফকিরহাট/রামপাল/চিতলমারী/ মোল্লাহাট/মোড়েলগঞ্জ জেনাল অফিস,বাপবিস।
০৭। এজিএম (ওএন্ডএম) কচুয়া/রূপসা/ মোংলা/শরণখোলা সাব-জোনাল অফিস,বাপবিস।
০৮। এজিএম (অর্থ/ওএন্ডএম/ইএন্ডসি/সদস্য সেবা/প্রশাসন),বাপবিস।
০৯। এজিএম (আইটি), বাপবিস (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো)।
১০। নোটিশ বোর্ড।
১১। অফিস কপি/ মাস্টার কপি।

( সুশান্ত রায় )
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)

ফরমনং-পমাসপ ১১০-০০২
ভার্সন-০১
অনুমোদিত ঃ ২৭/০৪/২০১৪ খ্রিঃ

# বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি-এর

বিলিং সহকারী "কাজ নাই মজুরী নাই" পদে নিয়োগ লাভের জন্য আবেদন ফরম
(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরন করিতে হইবে)

পাসপোর্ট সাইজের এক কপি ছবি এ ঘরে আইকা /আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে

জেনারেল ম্যানেজার
বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি
পোলঘাট, বাগেরহাট।

০১. নিয়োগ বিজ্ঞপ্তি নং-স্মা: নং-২৭.১২.০১০৮.৫৩২.০১.০২২.২৩.৩৪৫৯, তাং- ২৬-০৭-২০২৩খ্রি:

০২. পদের ধরণঃ...................................... ০৩. আবেদনকৃত পদের নাম (বিজ্ঞপ্তিতে যে ভাবে উল্লেখ আছে).........................

০৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম ..................................................

০৫. প্রকাশনার তারিখ ..................................................

০৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়) .................................................. (বড় হাতের অক্ষরে ইংরেজীতে) ......................................

০৭. জন্ম তারিখ (----- পরীক্ষার সনদ/নিবন্ধন অনুযায়ী) ............/.........../.........(দিন/মাস/বছর)

০৮. মাতার নাম ..................................................

০৯. বয়স (০৫-০৪-২০২৩ খ্রিঃ তারিখে) ..................................................

১০. পিতার নাম ..................................................

১১. ধর্ম ..................................................

১২. জাতীয়তা ..................................................

১৩. নিজ জেলা ..................................................

১৪. টেলিফোন / মুঠো ফোন নম্বর ..................................................

১৫. বৈবাহিক অবস্থা (টিক (√) দিন ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৬. কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (√) দিন ঃ

☐ মহিলা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা ☐ এতিম ও শারীরিক প্রতিবন্ধি

☐ উপজাতি ☐ আনসার ও গ্রাম প্রতিরক্ষা ☐ অন্যান্য

১৭. স্থায়ী ঠিকানা ঃ

ক. গ্রাম/সড়ক/বাড়ী ............................... খ. ডাকঘর ................................. গ. উপজেলা/ থানা ................................. ঘ. জেলা .................................

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশপত্র/নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক ঃ

ক. গ্রাম/সড়ক/বাড়ী ............................... খ. ডাকঘর ................................. গ. উপজেলা/ থানা ................................. ঘ. জেলা .................................

১৯. পোস্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার নম্বর ..................................................

২০. পোস্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার এর মূল্য ..................................................

২১. ইস্যুর তারিখ ..................................................

D:\Suchitra-3\Niog Biggopti\বিলিং সহকারী কাজ নাই মজুরী নাই (বিজ্ঞপ্তি-১).docx

বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি ★ স্থাপিত: ১৯৮৪ইং ★ পোলঘাট, বাগেরহাট

২২. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরন করিতে হইবে) ঃ

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ / বিভাগ/শ্রেণী | | সার্টিফিকেট/ ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/শ্রেণী/ গ্রেড | |
| ------------শ্রেণী | | | | |
| এসএসসি/সমমান | | | | |
| এইচএসসি/সমমান | | | | |
| স্নাতক | | | | |

২৩. অভিজ্ঞতার বিবরণ (সনদপত্র দ্বারা সমর্থিত হইতে হইবে) ঃ

২৪. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে) ঃ

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/ পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |

২৫. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত) ঃ

| নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/ মুঠো ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ০১। |
| ০২। |

২৬. পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিভাগীয় প্রার্থীদের জন্য (পবিস নির্দেশিকা ৩০০-১৪ অনুযায়ী নিম্নের তথ্য প্রদেয় হবে) ঃ

| কর্মরত পবিস এর নাম | পদের নাম | বর্তমান পদে মোট চাকুরীকাল | প্রযোজ্য আবশ্যিক সকল প্রশিক্ষনে উত্তীর্ণ কি না (হাঁ/না) জবাব হাঁ হলে সনদ সংযুক্ত করতে হবে | পবিস কর্মচারী চাকুরী বিধি অনুযায়ী কোন দন্ড প্রদত্ত হলে দন্ডের তারিখ ও দন্ডের বিবরণ (গুরুদন্ড/লঘুদন্ড) |
|---|---|---|---|---|
| | | | | |

আমি অঙ্গীকার করিতেছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করিয়াছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করিয়া থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ করা হয়নি বলিয়া পরবর্তীতে প্রমানিত হয়, তাহলে বাপবিবোর্ড/ পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হইবো এবং আমার বিরুদ্ধে বাপবিবো /পবিস কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিলে আমি তা মানিতে বাধ্য থাকিব। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়ে যদি আমি মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হই, সেই ক্ষেত্রে মৌখিক পরীক্ষায় সাক্ষাৎকার প্রদানের সময় কর্তৃপক্ষের নিকট আমার শিক্ষাগত যোগ্যতার সনদ , জাতীয় পরিচয় পত্র, জাতীয়তা সনদ এবং অভিজ্ঞতা সনদ এর ২ (দুই) সেট অবিকল প্রতিলিপি ১ম শ্রেণীর গেজেটড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত পূর্বক সরবরাহ করিতে এবং মূল সনদসমূহ প্রদর্শন করিতে বাধ্য থাকিবো।

.............................................. ..................................................

তারিখ আবেদনকারীর স্বাক্ষর

বিঃদ্রঃ সরকারী/ আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় বা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।



বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি
স্থাপিত ১৯৮৩ইং
বাগেরহাট, বাগেরহাট

বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি

পোলঘাট,বাগেরহাট ।

পাসপোর্ট সাইজের এক কপি ছবি এ ঘরে আইকা /আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে

লিখিত (এমসিকিউ)/ লিখিত ( রচনামূলক)/মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার

## প্রবেশপত্র

**( অফিস কর্তৃক পুরনীয় )**

প্রার্থীর রোল নম্বর-----------------

পরীক্ষার তারিখ-----------------

পরীক্ষার সময়--------------------

পরীক্ষা কেন্দ্রের নাম-------------

পরীক্ষা কেন্দ্রের ঠিকানা------------

নিয়োগকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষর------------

**(প্রার্থী কর্তৃক পুরনীয় )**

পদের নাম:------------------------------------------

প্রার্থীর নাম :-----------------

পিতার নাম -------------------

প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে ইচ্ছুক-----------------------------------

---------------------------------------------------------------------------------

---------------------------------------------------------------------------------

-----------------------------------------

D:\Suchitra-3\Niog Biggopti\বিলিং সহকারী কাজ নাই মজুরী নাই (বিজ্ঞপ্তি-১).docx

## প্রার্থী/আবেদনকারীর প্রতি সাধারণ নির্দেশনাবলী।

০১। পরীক্ষার দিন অবশ্যই এ প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

০২। নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ (পনের) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্র দেয়ার ৩০:০০ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে/কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা প্রবেশ করতে দেয়া হবে না।

০৩। উত্তরপত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

০৪। পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বইপত্র , লেখাযুক্ত বা সাদা কাগজ এবং মুঠো ফোন ও ক্যামেরা আনা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষার হলে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

০৫। চাকুরীর আবেদনপত্রের সংগে মিল রেখে হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

০৬। পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই প্রশ্নপত্রসহ উত্তরপত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

০৭। উল্লিখিত নিয়মাবলী ভঙ্গ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরুপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিস্কার করতে পারবেন। ক্ষেত্রবিশেষে পরিদর্শক গোপনীয়ভাবে উক্ত পরীক্ষর্থীর রোল নম্বর বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃপক্ষের নিকট জমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনবোধে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।



বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি
স্থাপিতঃ ১৯৮৪ইং